

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 21 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগের এক নেতাকে আটক করেছেন সাধারণ শিক্ষার্থীরা।

মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে ফাইনাল ভাইভা শেষে ক্যাম্পাস ত্যাগের মুহূর্তে তাকে আটক করা হয়।

আটক হওয়া ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের শিক্ষার্থী ও নোবিপ্রবি ছাত্রলীগের বিবিএ ফ্যাকাল্টির সাধারণ সম্পাদক নূর আহমেদ সাগর।

সাধারণ শিক্ষার্থীরা অভিযোগ করেন, জুলাই আন্দোলন চলাকালীন সাগর আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীদের নানা রকম হৃমকি-ধমকি দেওয়া থেকে শুরু করে মারার জন্য পরিকল্পনায়ও জড়িত ছিলেন।

ফ্যাসিস্ট হাসিনা পালিয়ে গেলেও সাগর এখনো ছাত্রলীগের পদ থেকে পদত্যাগ করেনি কিংবা ক্ষমা চায়নি। এত কিছুর পরেও সব ধরনের পরীক্ষায় অ্যাটেন্ড করেছে এই শিক্ষার্থী। কিন্তু প্রশাসন কিছুই করছে না। আজ ফাইনাল ভাইভা শেষে যখন এই ছাত্রলীগ নেতা ক্যাম্পাস ত্যাগ করছিলেন।

তখন তাকে চিহ্নিত করে আটক করেন সাধারণ শিক্ষার্থীরা। পরে তাকে নিয়ে যাওয়া হয় বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অফিসে। প্রষ্টর অফিসে দীর্ঘ আলোচনা ও প্রশাসনের মধ্যস্থতায় লিখিত মুচলেকা নেওয়ার পর তাকে ছেড়ে দেওয়া হয়।

এ বিষয়ে এসিসিই বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান বলেন, বারবার তালিকাসহ অভিযোগ দেওয়ার পরেও বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্রলীগের বিরুদ্ধে এখনো কোনো পদক্ষেপ নেয়নি। তারা একের পর এক তদন্ত কমিটি গঠনের নামে এ কাজে দীর্ঘসূত্রতা করছে। আজকে আমরা বিবিএ ফ্যাকাল্টির সাধারণ সম্পাদক নূর আহমেদ সাগরকে আটক করে প্রশাসনের হাতে তুলে দিই, পরে মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দেওয়া হয়। প্রশাসনের কাছে অনুরোধ, তারা যেন দ্রুত ছাত্রলীগের বিচার নিশ্চিত করে।

ফিশারিজ অ্যান্ড মেরিন সায়েন্স বিভাগের শিক্ষার্থী শরীফুল ইসলাম বলেন, ‘ছাত্রলীগ নেতা সাগরকে আমরা আটক করে প্রশাসনের নিকট সোপার্দ করি। ফ্যাসিস্ট হাসিনার আমলে সে শিক্ষার্থী নিপীড়নের সঙ্গে জড়িত ছিল।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠর এ এফ এম আরিফুর রহমান বলেন, ‘বিবিএ ফ্যাকাল্টির ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাগর পরীক্ষা দিতে এলে তাকে আটক করে সাধারণ শিক্ষার্থীরা আমাদের কাছে নিয়ে আসে। তার বিরুদ্ধে আমাদের কাছে অভিযোগ রয়েছে, যার তদন্ত চলমান রয়েছে। বর্তমান পদ থেকে পদত্যাগ করে ভবিষ্যতে ছাত্রলীগ করবে না এই মর্মে মুচলেকা নিয়ে আমরা তাকে ছেড়ে দেওয়া হয়েছে।’

শিক্ষার্থী ছাত্রলীগ আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:51

URL: <https://timestodaybd.com/campus/1215874221>